

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 05-09-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Teacher's Day :

আজ ৬৪ তম জাতীয় শিক্ষক দিবস। গোটা দেশের সঙ্গে রাজ্যও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালন করা হচ্ছে। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক শিক্ষক দিবসের মূল অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক মানিক সাহা। অনুষ্ঠানে বিশিষ্ট শিক্ষক ও সমাজসেবীদের পণ্ডিত ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর, মহারাজী তুলসীবতী এবং ড: শ্যামাপ্রসাদ মুখার্জি সম্মান প্রদান করা হবে।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বর্তমান কেন্দ্রীয় সরকার পণ্য ও পরিষেবা কর বা GST ক্ষেত্রে পরবর্তী প্রজন্মের সংস্কার এনেছে। গতকাল নতুনদিল্লীতে শিক্ষক দিবসের প্রাক-কালে জাতীয় পুরস্কার প্রাপ্ত শিক্ষকদের সঙ্গে আলোচনায় প্রধানমন্ত্রী বলেন, দ্বিতীয় প্রজন্মের GST সংস্কার দেশের উন্নতি ও অগ্রগতির ডাবলডোজ। GST কাঠামো এখন আরও সহজ করা হয়েছে। এই সংস্কারের ফলে মধ্যবিত্ত, দরিদ্র, মহিলা এবং যুব সমাজ লাভবান হবে। তিনি বলেন, সময়মতো পরিবর্তনকে গ্রহণ করতে না পারলে ভারত বর্তমান বিশ্বে তার অবস্থান ঠিক রাখতে পারবেন। শিক্ষক সমাজ শক্তিশালী দেশ গঠনের ভিত্তি বলে উল্লেখ করে শ্রী মোদী জানান, শিক্ষকদের শিক্ষা শ্রেণীকক্ষ ছাড়িয়ে আরও বহু দূর বিস্তৃত।

CM Reaction On GST :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, GST কাঠামোয় বড় ধরনের সংস্কারের ফলে নাগরিকদের জীবনযাত্রার মান উন্নত হবে। সাধারণ মানুষ, কৃষক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প, মধ্যবিত্ত, মহিলা এবং যুবসমাজ উপকৃত হবে। মুখ্যমন্ত্রী বলেন, সহজে ব্যবসা বাণিজ্য করার সুযোগ নিশ্চিত হবে।

PM :

ভারত ও সিঙ্গাপুর অসামরিক বিমান চলাচল, মহাকাশ, দক্ষতা উন্নয়ন, ডিজিটাল সম্পদ উন্নাবন এবং সবুজ ও ডিজিটাল শিপিং করিডোরের বিষয়ে গতকাল পাঁচটি চুক্তি স্বাক্ষর করেছে। নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লরেন্স ওঁ-এর মধ্যে আলোচনার পরই সমর্থোত্তা স্মারক বিনিময় করা হয়। প্রধানমন্ত্রী মোদী সাংবাদিকদের জানান, ভারত ও সিঙ্গাপুর আসিয়ানের সঙ্গে সহযোগিতা এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতার জন্য যৌথ দৃষ্টিভঙ্গি এগিয়ে নিতে একসঙ্গে কাজ চালিয়ে যাবে। তিনি বলেন, সিঙ্গাপুর দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতের বৃহত্তম বাণিজ্য অংশীদার এবং অ্যাস্ট ইন্স্ট নীতির গুরুত্বপূর্ণ স্তম্ভ।

Art college:

সরকারি চারু ও কারুকলা মহাবিদ্যালয়ের পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষে গতকাল আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে এক বর্ণাত্য শোভাযাত্রা শহর পরিভ্রমা করে। এই শোভাযাত্রায় ত্রিপুরার কৃষ্ণ সংস্কৃতি ও পর্যটন ক্ষেত্রগুলি তুলে ধরা হয় ভিজুয়াল আর্টের মাধ্যমে। শোভা যাত্রার সূচনা পর্বে ছিলেন রাজ্য

সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী সহ অন্য বিশিষ্ট
ব্যক্তিরা।

Nipun Tripura Rally:

নিপুন ত্রিপুরা কর্মসূচির তৃতীয় বর্ষপূর্তি উপলক্ষে গতকাল শান্তিরবাজার
মহকুমার গার্দাং এসবি স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে একটি সুদৃশ্য শোভাযাত্রা
অনুষ্ঠিত হয়। স্কুলের ছাত্র-ছাত্রীরা বিভিন্ন সাজে সজ্জিত হয়ে শোভাযাত্রায় অংশ
নেয়। শান্তিরবাজারের বিদ্যালয় পরিদর্শক প্রনব সরকার ও স্কুলের ভারপ্রাপ্ত
শিক্ষক সুব্রত সরকার সহ অন্যরা শোভাযাত্রায় অংশ নেন।

National Mission on Edible Oils :

বিদেশ থেকে আমদানী নির্ভরতা কমিয়ে দেশে ভোজ্য তেলের উৎপাদন বৃদ্ধির
লক্ষ্য ন্যাশনাল মিশন ফর এডিবল অয়েল নামে একটি প্রকল্প গ্রহণ করেছে
কেন্দ্র সরকার। এই প্রকল্পের অধীনে নানা ধরনের তেল বীজ চাষ সম্পর্কে
কৃষকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে পুরাতন আগরতলা কৃষি
মহকুমার উদ্যোগে পশ্চিম নোয়াগাঁও পঞ্চায়েতে সাতদিনব্যাপী প্রশিক্ষণ শিবির
শুরু হয়েছে। পুরাতন আগরতলা কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক রাজশ্রী
চক্রবর্তী জানান শিবিরের মূল লক্ষ্য হচ্ছে তেল বীজ উৎপাদনে দেশকে
স্বয়ংসম্পূর্ণ করে তোলা।

Aadi Karmayogi Abhiyan :

পশ্চিম জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার গতকাল আগরতলায় এক
সাংবাদিক সম্মেলনে জানান, গোটা দেশের সঙ্গে রাজ্যগুলি আদি কর্মযোগী

অভিযান প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে উপজাতিদের অধিকার সুনির্ণিত করা হবে। পশ্চিম জেলায় ৩৩টি মহকুমায় ৪৭টি ভিলেজ কমিটি এবং ৩৫টি রাজস্ব গ্রামে উপজাতিদের কর্ম্যোগীদের কমিটি তৈরি করা হবে। খোয়াই জেলাতেও আদি কর্ম্যোগী অভিযানের জন্য এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পৌরহিত্য করেন খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ।

Women Football:

রাজমাতা জিজাবাই মেয়েদের জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতায় গ্রন্পের প্রথম ম্যাচ ত্রিপুরা পরাজিত হয়েছে। আসামের ডিফুতে গতকাল অনুষ্ঠিত খেলায় অরুণাচল প্রদেশ ৪-০ গোলে রাজ্যদলকে হারিয়ে দেয়।

Weather:

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস। গতকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ৭.৪ মিলিমিটার।
